# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪

উপজেলা সমবায় কার্যালয়
বরিশাল সদর, বরিশাল।
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।



# সমবায় সংগীত

ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত, শিখে যা আয়রে আয়
দুঃখ জয়ের নবীনমন্ত্র সমবায়। সমবায়।
ক্ষুধার জ্বালিয়া মরেছি সুধার কলস থাকিতে ঘরে।
দারিদ্র ঋণ অভাবে মরেছি না চিনে পরস্পরে।
মিলিত হয়নি, তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে,
সেই দুর্গতি-দুর্গ ভাঙ্গিব সমবেত পদ যায়।
মিলি পরমাণু পর্বত হয়, সিন্ধ বিন্দু মিলে।
মানুষ শুধুই মিলিবে না কিরে মিলনের এ নিখিল।
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়।
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের যাঁতাকলে
এক হয়নি বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি তাই রবে না জগতে প্রবলের অন্যায়।

# মুখবন্ধ

সেই প্রাগৈতিহাসিক কাল হতে মানুষ সমন্বিতভাবে একে অপরের সুখ-দু:খ ভাগাভাগি করে সমবেতভাবে বসবাস করে আসছে এবং সমবায় চিন্তায় কাজ কর্ম করে জীবিকা নির্বাহ করে আসছে। তাই বলা যায়,"সমবায় চিন্তা" মানুষের সহজাত।
আধুনিক কালে এই সমবায় চিন্তা আরো শানিত ও কার্যকরীভাবে প্রয়োগ করে মানব সভ্যতাকে আরো এগিয়ে নেয়াই হচ্ছে আমাদের লক্ষ ও উদ্দেশ্য।
বর্তমানে সমবায় বলতে আমরা বুঝি – এর সদস্যদের দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় একীভূত করে পূর্জি গঠন, লাভজনক বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসইভাবে দারিদ্র বিমোচন করা।

পদ্মা সেতু, পায়রা বন্দর, পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র সহ বিভিন্ন অবকাঠামো উন্নয়নের ফলে বরিশালে অঞ্চলের আর্থ সামাজিক অবস্থার পরিবর্তন হওয়ার পথে এবং সেই সাথে প্রকট হচ্ছে আর্থ-সামাজিক বৈষম্য। এ বৈষম্য দূরীকরনে, বরিশাল সদর অঞ্চলের দারিদ্র্য ও নিম্নবিত্ত মানুষদের তাদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও প্রচেষ্টা দিয়ে- সমবায়ের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন করতে হবে। উৎপাদন, বিপনন ও সুষম বন্টন ব্যবস্থা গড়ে তুলে আয় বৈষম্য দূরীকরণে ভুমিকা রেখে আঞ্চলিক ও জাতীয় অর্থনীতিকে শক্তিশালী করনেও দৃশ্যমান অবদান রাখতে পারে সমবায়।

প্রতিবেদনটিতে বরিশাল ব্যাপী সমবায় সমিতিগুলোর সংখ্যা ,ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত, বর্তমান অবস্থা ও সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে। এছাড়াও এ অঞ্চলের সমবায় সমিতি সমূহ এ অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি সার্বিক চিত্র তুলে ধরতেই এই প্রতিবেদন প্রকাশ করা।

সবমিলিয়ে বর্তমান সরকার ও সমবায় অধিদপ্তরের ঐকান্তিক প্রচেষ্টায় আমরা বিশ্বাস করি সমবায়ী চিন্তা ও কার্যক্রমের মাধ্যমেই দেশ ২০৩০ এর টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জন হবে এবং ২০৪১ এ উন্নত দেশে পরিনত হবে।

লতিফা আকতার
উপজেলা সমবায় অফিসার
বরিশাল সদর, বরিশাল।

# সূচিপত্র

১ম অধ্যায়  - উপজেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বরিশাল।
২য় অধ্যায়-  বরিশাল সদর উপজেলার সমবায় খাতের অগ্রগতি

৩য় অধ্যায়- জাতীয় সমবায় পুরস্কার-২০২১ এর তথ্য ও চিত্র

৪র্থ অধ্যায়-প্রশিক্ষণ কার্যক্রম

৫ম অধ্যায়- উন্নয়ন প্রকল্প

# ১ম অধ্যায়

## উপজেলা সমবায় কার্যালয়, বরিশাল সদর, বরিশাল

১. উপ**জেলা সমবায় কার্যালয়, বরিশাল সদর, বরিশাল এর রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলী**

১.১ **রূপকল্প :**

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

১.২ **অভিলক্ষ্য :**

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

১.৩ **কর্মসম্পাদনের ক্ষেত্র :**

১.৩.১ উপ**জেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বরিশাল এর** কর্মসম্পাদনের ক্ষেত্রে:

১ টেকসই সমবায় গঠনে কার্যক্রম গ্রহণ;
২ উৎপাদন, আর্থিক ও সেবা খাতে সমবায় গঠন;
৩ সমবায় সংগঠনের সক্ষমতাবৃদ্ধি ও উদ্যেক্তা সৃজন;
৪ দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ:

১.৪ **কার্যাবলী :**

১. সমবায় আদর্শে/দর্শনে উদ্ধুকরণ ও সমবায় গঠন;
২. নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সমবায় সমিতিগুলোতে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
৪. প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি এবং উদ্যোক্ত সৃজনে সহায়তা করা;
৫. সমবায় নেটওয়াকিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান;
৬. পূঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে আত্বকর্মসংস্থান সৃষ্টি করা;
৭. গ্রামীন মহিলা ও সাধারণ জনগোষ্ঠির ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির বাস্তবায়ন;
৮. সমবায় পন্য ব্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠায় সমবায়ীদের দক্ষতা উন্নয়নে সহায়তা করা;
৯. সমবায় অধিদপ্তরের অভিলক্ষ্য অর্জন ও কার্যাবলী বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান;

১.৫ উপ**জেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বলিশাল এর লক্ষ্য এবং দায়িত্ব:**

১. সমবায় আন্দোলনের প্রশাসনিক এবং ব্যবস্থাপনা বিষয়ক নীতিমালার আলোকে প্রণীত সমবায় সমিতি আইন এবং বিধিমালার ব্যবহারিক প্রয়োগ তত্ত্বাবধান করা।
২. উপ**জেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বরিশাল এর** কর্মকর্তা কর্মচারী এবং সমবায় সমিতির সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য, বেতনভুক্ত কর্মচারীদেরকে বিভিন্ন পদ্ধতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায় নীতিমালা ও এর প্রায়োগিক বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;
৩. সমবায় সমিতি আইন ও বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা সাপেক্ষে, মূলধন গঠন ও বিনিয়োগ, সঠিক ব্যবস্থাপনা, তহবিলের যথাযথ ব্যবহার করতঃ সমিতির স্বাভাবিক এবং আইনগত কার্যক্রম ও অন্যান্য বিষয়াদি পরিচালনার জন্য সমবায় সমিতি সংগঠন, নিবন্ধন এবং অডিট করা;

৪. যুগের চাহিদা মোতাবেক সমিতি পরিচালনার সুবিধার্থে সমবায় সমিতি আইন ও বিধিমালা সংশোধনের জন্য পরামর্শ প্রদান করা এবং  উপজেলা সমবায় অফিসারের উপর অর্পিত বিধিবদ্ধ দায়িত্ব  পালন এবং ক্ষমতা প্রয়োগ করা;

৫. সমবায় সমিতির কার্যক্রম সম্পর্কে জরিপ, গবেষণা এবং কেস স্টাডি পরিচালনা করে ফলাফল এবং প্রতিবেদন প্রকাশ করা এবং নিবন্ধক ও মহাপরিচালকের নিকট সুপারিশ পেশ করা;

৬. বাংলাদেশ ব্যাংক, কৃষি ব্যাংক, বিএডিসি ইত্যাদি সরকারি এবং স্থায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সহায়তায় প্লান্ট স্থাপন এবং পণ্য আমদানী  রপ্তানীর জন্য ঋণ ও যন্ত্রপাতিসমূহ এবং সমবায় সমিতির জন্য অন্যান্য দ্রব্য ও প্রয়োজনীয় সেবার ব্যবস্থা করা।

৭. সমবায়ের প্রচার, প্রকাশনা ও সম্প্রসারণমূলক কর্মকান্ড পরিচালনা করা ; এবং

৮. দাপ্তরিক প্রশাসন পরিচালনা ।

১.৬ **প্রশিক্ষণ প্রতিষ্ঠান:**

দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে **উপজেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বরিশাল** , বাংলাদেশ সমবায় একাডেমী ও শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বরিশাল এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী এবং সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করে থাকে।

**১.৭ সমবায় দিবস:**

আন্তর্জাতিক সমবায় দিবসঃ জুলাই মাসের ১ম শনিবার
জাতীয় সমবায় দিবসঃ নভেম্বর মাসের ১ম শনিবার

১.৮ **সমবায় সমিতি সংক্রান্ত তথ্য:**

১.৮.১ সমিতির স্তর বিন্যাস: দেশের মোট সমবায় সমিতিসমূহ ৩টি স্তরে বিভক্ত-
ক. প্রাথমিক সমবায় সমিতি
খ. কেন্দ্রীয় সমবায় সমিতি
গ. জাতীয় সমবায় সমিতি

অপরদিকে সমিতি গঠনের উদ্যোগ, অর্থায়ন ও সেবা প্রদানের দৃষ্টিকোণ থেকে সমবায় সমিতিসমূহকে দু'ভাগে ভাগ কর্
ক. সাধারণ সমবায় সমিতি
খ. বিআরডিবি সমর্থনপুষ্ট সমবায় সমিতি

১.৮.২ **সমিতির সংখ্যাঃ**

২০২২-২০২৩ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত বরিশাল সদর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ৫৯১ টি, যার স্তর বিন্যাস নিম্নরুপ:

| স্তর/শ্রেনি | সংখ্যা |
|---|---|
| জাতীয় | নাই |
| কেন্দ্রীয় | ০৭ টি |
| প্রাথমিক সাধারণ | ৪৩৬ টি |
| প্রাথমিক (পউব) | ১৪৮ টি |
| মোট = | ৫৯১ টি |

১.৮.৩ **সমিতির সম্পদ:**

বরিশাল সদর উপজেলার সমিতির ভৌত সম্পদ, বিনিয়োগকৃত আর্থিক সম্পদ, মজুদ তহবিল ইত্যাদির মোট পরিমাণ প্রায় ২কোটি ৭২ লক্ষ ২২ হাজার টাকা।

১.৮.৪ **প্রশাসনিক কর্মকাণ্ড:**

**কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রোজস্ব বাজেটে):**

| সংস্থার নাম | উপজেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **উপজেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বরিশাল** (মোট পদ সংখ্যা) | ০১ | -- | ০১ | ০৩ | ০১ | ০৫ |

১.৮.৫ **কর্মসংস্থান:**

সমবায় সমিতির মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত সর্বমোট ৪,৯৫০ জন লোকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

১.৮.৬ **অডিট ফি ও নিবন্ধন ফি আদায়:**

**উপজেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বরিশাল** সরকারী রাজস্ব (ননট্যাক্স) আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায় সমিতি নিবন্ধনের সময় নিবন্ধন ফি আদায় করা হয়। অপরদিকে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করার পর সমিতি হতে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর ১০৭ বিধি অনুযায়ী নির্দিষ্ট হারে অডিট ফি আদায় করা হয়। ২০২১-২০২২ অর্থবছরে সমবায় উপ**জেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বরিশাল** কর্তৃক নিবন্ধন ফি হিসেবে ২,১০০/- টাকা এবং অডিট ফি হিসেবে ১,৩৭,৯২০/- টাকা অর্থাৎ মোট ১,৪০,০২০/- টাকা রাজস্ব সরকারি কোষাগারে জমা হয়েছে।

১.৮.৭ **সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) আদায়:**

সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধন ২০২০) এর ৮৪(২) বিধি অনুযায়ী প্রত্যেক সমবায় সমিতি প্রতি সমবায় বর্ষে নীট মুনাফা হতে ৩% অর্থ সমবায় উন্নয়ন তহবিলের অনুকূলে জমা করার মাধ্যমে উক্ত তহবিল গঠিত হয়। ২০২০-২০২১ অর্থবছরে সমবায় উপ**জেলা সমবায় দপ্তর, বরিশাল সদর, বরিশাল ২,৬২,৩২৮/-** টাকা সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) আদায় করতে সক্ষম হয়েছে।

১.৮.৮ **সমবায় প্রশিক্ষণ:**

সমবায় সমিতির কার্যক্রমে আইনানুগ নিয়ন্ত্রণ ও সমবায়ীদের উন্নয়নমূলক কর্মকান্ডে গতিবৃদ্ধির জন্য সমবায় প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম । এ লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি ও শের-ই-বাংলা আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট বরিশাল এর পাশাপাশি উপজেলা সমবায় দপ্তরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট রয়েছে। উক্ত ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক চহিদানুযায়ী তৃণমূল পর্যায় সমবায় ব্যবস্থাপনা, হাঁস-মুরগী ও গবাদী পশু-পালন, বৃক্ষরোপণ, স্যানিটেশন প্রভৃতি আয়বর্ধক ও আত্র-কর্মসংস্থানমূলক বিষয়সহ জাতীয় কর্মসূচীর আওতাভুক্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতি চিত্র নিম্নরূপঃ

**ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতিঃ**

| প্রশিক্ষণের ধরণ | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| ভ্রাম্যমাণ প্রশিক্ষণ | ০১ | ২৫ |
| আইজিএ প্রশিক্ষণ | ০৭ | ২০ |
| মোট | ০৮ | ৪৫ |

১.৮.৯ সমবায় সমিতির অডিট :

| সমিতির স্তর | অডিটযোগ্য সমিতির সংখ্যা | অডিটকৃত সমিতির সংখ্যা | অগ্রগতির হার (%) |
|---|---|---|---|
| জাতীয় সমিতি | নাই | নাই | -- |
| কেন্দ্রীয় সমিতি | ০৭ টি | ০০ টি | |
| প্রাথমিক সমিতি (সাধারণ) | ৩৩৬ টি | ৮০ টি | |
| মোট = | ৩৪৩ টি | ৮০ টি | |

১.৮.১০ **প্রচার ও প্রকাশনা কার্যক্রম:**

- সমবায়ের কার্যক্রম প্রচার
- সমবায় পত্রিকা ও সাময়িকী প্রকাশ: ত্রৈমাসিক সমবায়, কো-অপারেশন, নিউজ লেটার
- বিভিন্ন সেমিনার ও কর্মশালা আয়োজন
- জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন
- জাতীয় সমবায় পুরস্কার সংক্রান্ত
- রেডিও ও টেলিভিশন সহ অন্যান্য গণ মাধ্যমের সাথে যোগাযোগ ও প্রচার সংক্রান্ত কাজ
- সমবায় সংক্রান্ত বিভিন্ন প্রদর্শনী

# ১.৯ -উপজেলা সমবায় কার্যালয়, বরিশাল সদর, বরিশাল এর উল্লেখযোগ্য কার্যক্রম

## *** ৫০ তম জাতীয় সমবায় দিবস উদযাপন:

৬ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখে ৫০ তম জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষ্যে সমবায় বিভাগ বরিশালের সার্বিক তত্ত্বাবধানে এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান জেলা প্রশাসক বরিশাল মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইফুল হাসান বাদল, (অতিরিক্ত সচিব) বিভাগীয় কমিশনার, বরিশাল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব এস এম আক্তারুজ্জামান, ডিআইজি, বরিশাল রেঞ্জ, বরিশাল, প্রফেসার ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া' অধ্যক্ষ, সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল, জনাব মুহাম্মদ আবদুল্লা আল মামুন, যুগ্মনিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল, জনাব এ্যাডভোকেট তালুকদার মোঃ ইউনুস, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ বরিশাল জেলা এবং বীর মুক্তিযোদ্ধা কে এস এ মহিউদ্দিন মানিক, বীর প্রতীক, বরিশাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ জসীম উদ্দীন হায়দার, জেলা প্রশাসক, বরিশাল।




৫০ তম জাতীয় সমবায় দিবসে প্রধান অতিথিকে ক্রেস্ট প্রদান করেন যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।




৫১ তম জাতীয় সমবায় দিবস- ২০২৩ উদযাপন প্রাক্কালে জাতীয় পতাকা ও সমবায় পতাকা উত্তোলন ।

## ** মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস:



মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবসে বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল কর্তৃক পুস্পস্তবক অর্পণ করেন জনাব মুহাম্মদ আবদুল্লা আল মামুন, যুগ্মনিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয় বরিশাল ও জনাব মোহাম্মদ মোস্তফা, উপনিবন্ধক, প্রাশাসন, বিভাগীয় সমবায় কার্যালয় বরিশাল।

## ২য় অধ্যায়

# বরিশাল সদর উপজেলার সমবায় খাতের অগ্রগতি

বাংলাদেশে সমবায়ের কার্যক্রম শতবর্ষ অতিক্রম করেছে। সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ব অর্থনীতির জোয়ার ভাটা সমবায়ের উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পুঁজিবাদের প্রবল দাপটে মাঝে মধ্যে সমবায়ের আবস্থা নাজুক হলেও এর ফলপ্রসূ কার্যকারিতা তাকে টিকিয়ে রেখেছে আর্থ-সামাজিক উন্নয়নের সার্বজনীন উপযোগী মাধ্যম হিসেবে। নতুন শতাব্দীতে সমবায় নতুন ভাবধারায় উজ্জিবিত হয়েছে।  ফলে বিভিন্ন মাপকাঠিতে এর ক্রম অগ্রসরতা দৃশ্যমান হয়। অর্থনীতির এ খাতের সাফল্য  পরিসংখ্যানের নিয়মে পরিমাপ করা সু:স্বাধ্য বিষয়। তবে কিছু নিয়ামক রয়েছে যার মাধ্যমে এর সফলতা ও ব্যর্থতার একটি ধারণা পাওয়া যেতে পারে। এ দেশের প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রমই সমবায় আনোদলনের মূল চালিকা শক্তি। নিম্মে এরুপ প্রাথমিক সমবায় সমিতির কিছু নিয়ামক চিত্র তুলে ধরা হলো:

**<u>২.১ প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা:</u>**

নতুন সহশ্রাব্দে সমবায়ের কিছু নতুন মাত্রা যুক্ত হওয়ায় এর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। ফলে নতুন সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে। প্রতি বছরই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। বিগত পাঁচ বছরে সমবায় সমিতির সংখ্যার ঘটেছে। জেলা সমবায় কার্যালয়, বরিশাল এর সরাসরি তত্বাবধোনে গঠিত সমবায় সমিতির পাশাপাশি অন্যান্য সরকারি ও বেসরকারি উদ্যোগেও বিভিন্ন ক্যাটাগরীর সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। বিশেষ করে প্রথিমিক সমবায় সমিতি সংগঠনের ধারা অন্যান্য সময়ের চেয়ে বর্তমানে অনেক বেশি। ২০২২-২০২৩ অর্থ বছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত বরিশাল জেলাধীন প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা দাড়িয়েছে- সমবায় বিভাগীয়: ৪৪১ টি  ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতাধীন প্রাথমিক সমিতি: ১৪৮টি।

**<u>২.২ প্রাথমিক সমবায় সমিতির সদস্য সংখ্যা</u>:**

উন্নয়ন কার্যক্রমে জনগণের অংশীদারিত্ব উন্নয়নের অন্যতম নির্দেশক। সমবায় নিম্ম বিত্তের সংগঠন হিসাবে আর্বিভূত হলেও বর্তমানে সকল শ্রেণির বিপুর সংখ্যক জনগোষ্ঠী সমবায়কে আর্থ-সামাজিক উন্নতির একটি পরীক্ষিতি কৌশল হিসাবে বেছে নিয়েছে। সমবায় শুধু অর্থনৈতিক উন্নয়নই নয় পাশাপাশি সামাজিক উন্নয়নেও

বিশেষ অবদান রেখে থাকে প্রতিবেদনাধীন বছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত সমবায় সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা বিগত বছরসমুহের চেয়ে বৃদ্ধি পেয়েছে। সদস্য সংখ্যা: পুরুষ- ৩৮,৪৮৩ জন ও মহিলা- ১১,৩৬৪ জন সহ সর্বমোট ৪৯,৮৪৭ জন।

**২.৩ শেয়ার মূলধন:**

দরিদ্র জনগোষ্টীর ক্ষুদ্র পূঁজির সমন্বয় ঘটিয়ে বৃহৎ মূলধন তৈরি এবং উক্ত মূলধন বিনিয়োগ করে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি করাই হচ্ছে সমবায়ের লক্ষ্য অর্জনের মূল কৌশল। যার প্রধান উৎস হলো সদস্যদের নিকট থেকে শেয়ার আদায়। বিগত বছরের তুলনায় পরিশোধিত শেয়ার মূলধন বৃদ্ধি পেয়ে চলতি বছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত দাড়িয়েছে: ৬ কোটি. ৫৭ লক্ষ ৫৭ হাজার টাকা।

**২.৪ সঞ্চয় আমানত:**

সমবায় সমিতির মূলধন গঠনে শেয়ারের পরে সঞ্চয়ের ভূমিকা উল্লেখযোগ্য। সদস্যরা নিয়মিতভাবে সমিতিতে সঞ্চয় জমা করে তা লাভজনক ব্যবসায়ে বিনিয়োগ করে থাকে। বিগত বছর সমুহের তুলনায় সঞ্চয় আদায় বৃদ্ধি পাচ্ছে। ২০২২-২০২৩ অর্থবছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত সদস্যদের সঞ্চয় দাড়িয়েছে ২৯ কোটি, ৩৪ লক্ষ ৮১ হাজার টাকা।

**২.৫ সংরক্ষিত তহবিল ও গঠিত অন্যান্য তহবিল:**

সমবায় সমিতিগুলোর নীট লাভ থেকে নির্দিষ্ট হারে বিভাজনের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমান অর্থ সংরক্ষিত ও অন্যান্য তহবিলে জমা হয়ে থাকে। এ তহবিলও সমিতির মূলধন হিসাবে গণ্য হয়। ২০২২-২০২৩ অর্থ বছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতিগুলোর সংরক্ষিতি তহবিল ও নীট লাভ হতে গঠিত তহবিলের পরিমান ২ কোটি ৭১ লক্ষ ২৩ হাজার টাকা।

**২.৬ কর্যবরী মূলধন:**

সমবায় সমিতির শেয়ার মূলধন, সঞ্চয় আমানত ও সংরক্ষিত তহবিল সমবায় সমিতির কর্যকরী মূলধনের উল্লেখযোগ্য অংশ গঠন করে থাকে। ২০২২-২০২৩ অর্থবছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের কর্যকরী মূলধনের পরিমান দাড়িয়েছে ৩ কোটি ৯১ লক্ষ ৯৬ হাজার টাকা।

**২.৭ বিনিয়োগ:**

সমবায় সমিতিগুলো তাদের নিজস্ব মূলধন ও ধারকৃত মূলধন বিভিন্ন লাভজনক, আয়ববর্ধক ব্যবসা ও কাজে বিনিয়োগ করে থাকে। ২০২২-২০২৩ অর্থবছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের মোট বিনিয়োগের পরিমান দাড়িয়েছে ৩ কোটি ৭৫ লক্ষ ৭৭ হাজার টাকা।

**২.৮ ঋণ বিতরণ:**

২০২২ - ২০২৩ অর্থবছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের বিতরণকৃত ঋণের পরিমান ৭৯ কোটি ৩১ লক্ষ ০৮ হাজার টাকা।

**২.৯ ঋণ আদায়:**

২০২২-২০২৩ অর্থবছরের জুন ২০২৩ খ্রি. পর্যন্ত প্রাথমিক সমবায় সমিতি সমুহের আদায়কৃত ঋণের পরিমান দাড়িয়েছে ৫৫ কোটি ৩০ লক্ষ ০৯ হাজার টাকা।

**২.১০ অডিট ফি:**

প্রাথমিক সমবায় সমিতিগুলো প্রতিবছর তাদের নীট মুনফার ১০% হারে সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত অডিট ফি হিসাবে সরকারি কোষাগারে (ট্রেজারী চালানের মাধম্যে) জমা দিয়ে থাকেন। ২০২২-২০২৩ অর্থবছরে ১১৫ টি প্রাথমিক সমবায় সমিতি সমুহের অডিট ফি ধার্য ১,৩৭,৯২০/- টাকা, সেপ্টেম্বর ২০২৩ খ্রি.মাস পর্যন্ত সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে ১,৩৭,৯২০/- টাকা। আদায়ের শতকরা হার ১০০%।

# তৃতীয় অধ্যায়

## জাতীয় সমবায় পুরস্কার-২০২১ এর তথ্য ও চিত্র

জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০১১ অনুযায়ী সমবায়ের ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে বাংলাদেশ সরকার কর্তৃক প্রতি বছর ১০ টি ক্যাটাগরিতে সমবায় সমিতি/সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হয়। এর আওতায় উপজেলা বাছাই কমিটি বরিশাল সদর কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২১ এর জন্য ০২ (দুই) টি ক্যাটাগরিতে মোট ০২ (দুই)টি সমবায় সমিতি জেলা বাছাই কমিটির নিকট প্রেরণ করা হয়। নিম্নে উপজেলা বাছাই কমিটি কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতির তালিকা দেখানো হ'লঃ

## মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি

| ক্র: নং | শ্রেণি | সমবায় সমিতি |
|---|---|---|
| ১. | ক্যাটাগরি -০২ (সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট) সমবায় | রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ গ্রামঃ রাজারচর, পোঃ সাহেবের হাট, উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল। |
| ২. | ক্যাটাগরি- ০৯ (যুব,বিশেষ শ্রেনি,তাঁতীসহ অন্যান্য পেশা ভিত্তিক) সমবায় | বরিশাল আর্যলক্ষী সমবায় সমিতি লিমিটেড। গ্রামঃ ৯৯, বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সড়ক উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল। |

## জাতীয় সমবায় পুরস্কার ২০২১ এর জন্য মনোনিত সমবায় সমিতির তথ্য ও চিত্র

১। শ্রেনিঃ সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়
রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
গ্রামঃ রাজারচর, পোঃ সাহেবের হাট, উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল।



বরিশাল জেলার সদর উপজেলাধীন রাজারচর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ ২০১৫ খ্রি. সনে প্রতিষ্ঠিত হয়। এ সমিতির সদস্য সংখ্যা ১৯১১ জন। বর্তমানে সমিতির নিজস্ব মুলধন ১ কোটি

২৫ লক্ষ ১৯ হাজার ৭ শত টাকা, স্থাবর সম্পত্তির পরিমান ২৫ লক্ষ ৪১ হাজার ৩ শত টাকা। সদস্যদের মধ্যে বিনিয়োগকৃত ঋণের পরিমান ৬ কোটি ২৬ লক্ষ ২৮ হাজার ৩ শত টাকা। উক্ত বিনিয়োগের মাধ্যমে সমিতির তত্বাবধানে বিভিন্নভাবে ১৫২৫ জনের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। ফলে এলাকার অনেক বেকার যুবকের বেকারত্ব দূর হয়েছে। এছাড়া সমবায়ীদের সেবা ও সহায়তা প্রদানের লক্ষ্যে অত্র এলাকার শিক্ষা অনুদান, শিক্ষা বৃত্তি প্রদান করা, বাল্য বিবাহ রোধের সচেতনতা বৃদ্ধি, বিভিন্ন সামাজিক কার্যক্রমে সহযোগিতা করে আসছে।



৫। শ্রেনিঃ যুব,বিশেষ শ্রেনি, তাঁতীসহ অন্যান্য পেশাভিত্তিক সমবায়

বরিশাল আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ

গ্রাম/মহল্লাঃ ৯৯,বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর সড়ক(সদর রোড), উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল।

বরিশাল সদর উপজেলাধীন আর্যলক্ষ্মী সমবায় সমিতি লিঃ ১৯২৭ খ্রি. সনে প্রতিষ্ঠিত হয়। এ সমিতির সদস্য সংখ্যা ২৬৫ জন। বর্তমানে সমিতির নিজস্ব মুলধন ১ কোটি ২৩ লক্ষ ৫২ হাজার ২ শত টাকা, স্থাবর সম্পত্তির পরিমান ৫৫ লক্ষ ৯৯ হাজার ২শত টাকা। সদস্যদের মধ্যে বিনিয়োগকৃত স্বর্ণ বন্ধকি ঋণের পরিমান ৯৩ লক্ষ ৫৯ হাজার ৯২৫ টাকা। সমিতির নিজস্ব মুলধন দ্বারা ৪তলা বিশিষ্ঠ ভবন নির্মান করা হয়েছে। উক্ত বিনিয়োগের মাধ্যমে সমিতির তত্বাবধানে প্রায় সকল সদস্য আর্থিকভাবে সচ্ছল হয়েছেন। সমিতি করোনা মহামারীতে সমিতির সদস্য ও কর্মচারীদের চিকিৎসা সহায়তা প্রদান, খাদ্যদ্রব্য প্রদান, মাস্ক ও স্যানিটাইজার বিতরণসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রম পরিচালনা করেন।





# চতুর্থ অধ্যায়

## প্রশিক্ষণ :

সমবায় অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক বিভিন্ন প্রশিক্ষন কোর্স অনুষ্ঠীত হয়। এ প্রশিক্ষণ গ্রহন করে সমবায় সমিতির সদস্যদের আর্থ-সামাজিক উন্নয়ন একং আত্ম-কর্মসংস্থান সুযোগ সৃষ্ঠি হয়ে সমিতির সদস্যরা এখন দক্ষ, সুশৃঙ্খল ও স্বাবলম্ভী হয়েছেন। বাংলাদেশ সমবায় একাডেমি কোটবাড়ী কুমিল্লা জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও তার আওতাধীন বরিশাল আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, কাশিপুর, বরিশাল সমবায়ীদের এবং সমবায় বিভাগে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

**<u>বাংলাদেশ সমবায় একাডেমি কোটবাড়ী কুমিল্লা :</u>**



বাংলাদেশ সমবায় একাডেমিতে ২০২২-২০২৩ প্রশিক্ষণ বর্ষে বরিশাল জেলার সমিতির সদস্যদের মোট ১৪ (চৌদ্দ) টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্স সমূহে সর্বমোট ২২ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**বাংলাদেশ সমবায় একাডেমিতে ২০২২-২০২৩ অর্থ বছরের প্রশিক্ষণ অগ্রগতি** :

| ক্রঃ নং | কোর্সের সংখ্যা | কর্মকর্তা/কর্মচারী | সমবায়ী | লক্ষমাত্রা | অর্জন |
|---|---|---|---|---|---|
| ০১ | ০১ | ০১ | ০৩ | ০৪ | ০৪ |
| ০১ | | | | | |

## আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট কাশিপুর,বরিশাল:




আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট কাশিপুর,বরিশালে ২০২২-২০২৩ প্রশিক্ষণ বর্ষে বরিশাল সদর, উপজেলার সমিতির সদস্যদের মোট ২৪ (চব্বিশ) টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্স সমূহে সর্বমোট ২২ (বাইশ) জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট কাশিপুর,বরিশালে ২০২২-২০২৩ অর্থ বছরের প্রশিক্ষণ অগ্রগতি** :

| ক্রঃ নং | কোর্সের সংখ্যা | কর্মকর্তা/কর্মচারী | সমবায়ী | লক্ষমাত্রা | অর্জন |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬% |
| ০১ | ২৪ | ০২ | ২২ | ২২ | ১০০% |

**ভ্রাম্যমাণ প্রশিক্ষণ:**

উপজেলা সমবায় সমবায় কার্যালয়, বরিশাল সদর, বরিশাল কর্তৃক আয়োজিত ভ্রম্যমান প্রশিক্ষণ ব্যবস্থা রয়েছে। এছাড়াও বিভিন্ন সমবায়ীদের বিভিন্ন ধরণের প্রশিক্ষণ দিয়ে হাসঁ মুরগী গরু ছাগল ও গৃহপালিত অন্যান্য পশু লালন পালনের জন্য খামার তৈরির কর্মকৌশল, মৎস্য উৎপাদন বৃদ্ধি, বাড়ির আঙ্গিনায় শাক-সবজি ফলমুল চাষ করে আয় বৃদ্ধি, সমবায় সমিতির রেকড সংরক্ষণ ও হিসাব বিবরণী প্রস্তুতকরণ ও অডিট সম্পাদন, আইজিএ (সেলাই) প্রশিক্ষণ গ্রহন করে থ্রিপিচ, ফতুয়া, বাচ্চাদের পোষাক তৈরী করে সমিতির সদস্য লাভবান হয়েছেন এবং বিভিন্ন প্রকার শাড়ী, থ্রিপিচ, ফতুয়া, বিছানারচাদরে ব্লক বাটিক করে আত্ম-কর্মসংস্থান সুযোগ সৃষ্ঠি হয়ে সমিতির সদস্যরা এখন স্বাবলম্ভী হয়েছেন। ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা সমবায় কার্যালয়, বরিশাল সদর, বরিশালে ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।



# সমাপ্ত